# জগন্নাথ বিশ্ববিদ্যালয় বার্তা

জুলাই – সেপ্টেম্বর, ২০২৫ । ৫৯ তম সংখ্যা


## জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে জুলাই গণ-অভ্যুত্থান ২০২৪-এর প্রথম বর্ষপূর্তি উদ্‌যাপন

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে (জবি) যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপিত হয়েছে "জুলাই গণ-অভ্যুত্থান ২০২৪"-এর প্রথম বর্ষপূর্তি। এ উপলক্ষ্যে ৫ আগস্ট জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে দিনব্যাপী নানা কর্মসূচির মধ্যে ছিল স্থির চিত্র প্রদর্শনী, আলোচনা সভা, পুরস্কার বিতরণ এবং দোয়া ও শোকরানা মাহফিল।



জাতীয় সংগীত পরিবেশনের মাধ্যমে জুলাই গণ-অভ্যুত্থান ২০২৪-এর প্রথম বর্ষপূর্তি অনুষ্ঠানের সূচনা

বিশ্ববিদ্যালয়ের শহিদ সাজিদ একাডেমিক ভবনের নিচতলায় স্থির চিত্র প্রদর্শনীর উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি। প্রদর্শনীতে জুলাই অভ্যুত্থানের সময়কার গুরুত্বপূর্ণ ছবি, জবি আন্দোলনকারী শিক্ষার্থীদের ওপর হামলার দৃশ্য, আন্দোলনে আহত শিক্ষার্থীদের ছবি এবং তৎকালীন সংবাদ প্রতিবেদন স্থান পায়।

বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান ভবনের মাঠে অনুষ্ঠিত হয় আলোচনা সভা। শহিদ ইকরামুল হক সাজিদের মা মোছাঃ নাজমা খাতুন লিপি আনুষ্ঠানিকভাবে সভার উদ্বোধন করেন।

আলোচনা সভায় সভাপতিত্ব করেন জুলাই বিপ্লব বর্ষপূর্তি উদ্‌যাপন কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. মোঃ রইছ উদ্দীন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. সাবিনা শরমীন এবং শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মোঃ মোশাররাফ হোসেন। অনুষ্ঠানে পুরস্কার বিতরণ পর্বে বিভিন্ন প্রতিযোগিতায় বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেওয়া হয়।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. মোঃ শেখ গিয়াস উদ্দিন। এতে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় চেয়ারম্যান, প্রক্টর, প্রভোস্ট, পরীক্ষা নিয়ন্ত্রক, বিভিন্ন দপ্তরের পরিচালকবৃন্দ, শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারী ও আমন্ত্রিত অতিথিবৃন্দ উপস্থিত ছিলেন।

আয়োজিত কর্মসূচির অংশ হিসেবে বাদ যোহর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় জামে মসজিদে দোয়া ও শোকরানা মাহফিল অনুষ্ঠিত হয়।

## জুলাই গণ-অভ্যুত্থান ২০২৪-এর প্রথম বর্ষপূর্তিতে বিভাগ, ইনস্টিটিউট ও সংগঠনসমূহের কার্যক্রম

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে যথাযোগ্য মর্যাদায় "জুলাই গণ-অভ্যুত্থান ২০২৪"-এর প্রথম বর্ষপূর্তিতে নানা কর্মসূচি গ্রহণ করা হয়। এর মধ্যে ছিল রচনা প্রতিযোগিতা, দোয়া মাহফিল, বিতর্ক প্রতিযোগিতা, সেমিনার ও আলোচনা সভা।

এ উপলক্ষ্যে ১৬ জুলাই গণিত বিভাগে দোয়া মাহফিল ও সেমিনার, বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় জামে মসজিদে দোয়া মাহফিল, ১৭ জুলাই মার্কেটিং বিভাগে 'মনে রেখো জুলাই–ভুলে যেও না' প্রতিপাদ্যকে সামনে রেখে 'জুলাই বিপ্লব ২০২৪ ও বৈষম্যহীন বাংলাদেশ: সুযোগ, সমস্যা ও উত্তরণ' শীর্ষক সেমিনার, ২৩ জুলাই মাইক্রোবায়োলজি বিভাগে, ২৪ জুলাই আইন ও ভূমি প্রশাসন বিভাগে সেমিনারের আয়োজন করা হয়।

২৭ জুলাই রসায়ন বিভাগে 'জুলাই বিপ্লোবোত্তর বিতর্ক প্রতিযোগিতা ২০২৫'-এর চূড়ান্ত বিতর্ক পর্ব, ২৭ জুলাই ইসলামিক স্টাডিজ বিভাগে আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগে বিতর্ক কর্মশালা, আলোচনা ও দোয়া মাহফিল, ২৮ জুলাই দর্শন বিভাগে সেমিনার, বিতর্ক ও প্রবন্ধ প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান, সমাজবিজ্ঞান বিভাগে আন্তঃ ব্যাচ বিতর্ক ও রচনা প্রতিযোগিতা, ফার্মেসী বিভাগে আলোচনা সভা ও প্রবন্ধ প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণী অনুষ্ঠান, সমাজকর্ম বিভাগের বিতর্ক প্রতিযোগিতার সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান; ২৯ জুলাই কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগে আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান; ৩০ জুলাই বাংলা বিভাগ ও ড্রইং অ্যান্ড পেইন্টিং বিভাগে আলোচনা ও প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠান, ৩১ জুলাই গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগে, আইন বিভাগে, অর্থনীতি বিভাগে, মার্কেটিং বিভাগে, রাষ্ট্রবিজ্ঞান বিভাগে, নৃবিজ্ঞান বিভাগে; ৩ আগস্ট উদ্ভিদ বিজ্ঞান বিভাগে, ত্রিমাত্রিক শিল্প ও নকশা বিভাগে, ৪ আগস্ট ইতিহাস বিভাগে এবং প্রাণরসায়ণ ও অনুপ্রাণ বিজ্ঞান বিভাগে বিতর্ক ও প্রবন্ধ প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠান আয়োজিত হয়।

## জবিতে আলোচনা সভা, পুরস্কার বিতরণ এবং মিলাদ ও দোয়া মাহফিলের মাধ্যমে ঈদ-ই-মিলাদুন্নবী (সা.) উদ্‌যাপন

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে নানা আয়োজনে উদ্‌যাপিত হয়েছে ঈদ-ই-মিলাদুন্নবী। ঈদ-ই-মিলাদুন্নবী উদ্‌যাপন কমিটির আয়োজনে ২১ সেপ্টেম্বর বিশ্ববিদ্যালয়ের মুক্তমঞ্চে আলোচনা সভা, বিভিন্ন প্রতিযোগিতার পুরস্কার বিতরণ এবং বাদ জোহর বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় জামে মসজিদে মিলাদ ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের উদ্বোধন ঘোষণা করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা ড. আ ফ ম খালিদ হোসেন। উদ্বোধনী বক্তব্য প্রদান করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি।



উদ্বোধীন অনুষ্ঠানে (ভারচুয়্যলি) বক্তব্য প্রদান করছেন উপাচার্য

জগন্নাথ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় জামে মসজিদ পরিচালনা কমিটি ও অনুষ্ঠান উদ্‌যাপন কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. মোঃ রইছ উদ্দীন-এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. সাবিনা শরমীন, ইসলামিক ফাউন্ডেশনের মহাপরিচালক আঃ ছালাম খান এবং জবি শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মোঃ মোশাররাফ হোসেন।

বিশিষ্ট ইসলামী চিন্তাবিদ মুফতি আব্দুল মুনয়িম খাঁন তাঁর আলোচনায় রাসুল (সা.)-এর সীরাত নিয়ে বিস্তারিত পর্যালোচনা উপস্থাপন করেন।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. মোঃ শেখ গিয়াস উদ্দিন। অনুষ্ঠানে কিরাত, নাতে রাসুল (সা.) রচনা এবং ইসলামিক ক্যালিওগ্রাফি প্রতিযোগিতায় প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকারীদের হাতে পুরস্কার তুলে দেন অতিথিবৃন্দ।

আলোচনা সভা ও পুরস্কার বিতরণের পর বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় জামে মসজিদে বাদ জোহর মিলাদ ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

## জুলাই গণঅভ্যুত্থান জাতীয় বিতর্ক উৎসব ২০২৫-এর পুরস্কার বিতরণ ও সমাপনী অনুষ্ঠিত

জুলাই গণঅভ্যুত্থানের চেতনাকে ধারণ করে "আমার চোখে জুলাই বিপ্লব" স্লোগানে অনুষ্ঠিত জুলাই গণঅভ্যুত্থান জাতীয় বিতর্ক উৎসব ২০২৫-এর পুরস্কার বিতরণ ও সমাপনী অনুষ্ঠান ৫ আগস্ট জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান ভবন মাঠে অনুষ্ঠিত হয়।



জুলাই গণঅভ্যুত্থান জাতীয় বিতর্ক উৎসব ২০২৫-এর বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করছেন উপাচার্য

ঢাকা জেলা প্রশাসন ও ঢাকা জেলা পরিষদের পৃষ্ঠপোষকতায় এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয় ডিবেটিং সোসাইটি (জেএনইউডিএস)-এর আয়োজনে আয়োজিত এই উৎসবে দেশের ৩২টি বিশ্ববিদ্যালয় এবং স্কুল-কলেজ পর্যায়ের ৩২টি শিক্ষা প্রতিষ্ঠান (১৬টি স্কুল ও ১৬টি কলেজ) অংশগ্রহণ করে।

## মোড়ক উন্মোচন

### আইন অনুষদের জার্নালের মোড়ক উন্মোচন

৩০ জুলাই জগন্নাথ ইউনিভার্সিটি জার্নাল অব ল-এর (ভলিয়ম নং ৬) মোড়ক উন্মোচন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি।

### বিজনেস স্টাডিজ অনুষদের জার্নালের মোড়ক উন্মোচন

৪ আগস্ট জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের বিজনেস স্টাডিজ অনুষদ প্রকাশিত 'জগন্নাথ ইউনিভার্সিটি জার্নাল অব বিজনেস স্টাডিজ' (ভলিউম: ১৩, সংখ্যা: ১)-এর মোড়ক উন্মোচন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি।

## অ্যাকাডেমিক সংবাদ

### পাবলিক বিশ্ববিদ্যালয়ের মধ্যে জগন্নাথ বিশ্ববিদ্যালয় সর্বপ্রথম ক্লাস মনিটরিং সফটওয়্যার চালু

দেশের মধ্যে প্রথম পাবলিক বিশ্ববিদ্যালয় হিসেবে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ক্লাস মনিটরিং সফটওয়্যার চালু করেছে। সফটওয়্যারটি বাস্তবায়নের লক্ষ্যে ৭ ও ৮ জুলাই ওরিয়েন্টেশন কর্মশালা বিভিন্ন সেশনে বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়।

### জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে শিক্ষার বিউপনিবেশীকরণ নিয়ে সেমিনার

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ইন্টারডিসিপ্লিনারি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট কনসোর্টিয়াম (আইআরডিসি)-এর উদ্যোগে ১৩ আগস্ট বিশ্ববিদ্যালয়ের শহিদ সাজিদ অ্যাকাডেমিক ভবনের নিচতলায় শিক্ষক লাউঞ্জে অনুষ্ঠিত হয়েছে 'ইফেকটিভ টিচিং: ডিকোলোনাইজিং টিচিং পেডাগোজি অ্যাট ইউনিভার্সিটি সেটিং' শীর্ষক এক একাডেমিক সেমিনার।

সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন কানাডার রেজিনা বিশ্ববিদ্যালয়ের (University of Regina) সহযোগী অধ্যাপক ড. মুহাম্মদ আসাদুল্লাহ।

### জগন্নাথ বিশ্ববিদ্যালয় ও বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্টের মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর

জগন্নাথ বিশ্ববিদ্যালয় ও বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম)-এর মধ্যে যৌথ প্রশাসনিক, একাডেমিক, গবেষণা ও প্রশিক্ষণ সহযোগিতার লক্ষ্যে ২৮ আগস্ট এক সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরিত হয়।



জবি ও বিএইএম-এর মাঝে সমঝোতা স্মারক অনুষ্ঠান

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ছিলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি। তিনি বলেন, আমাদের পারস্পরিক সংযোগ না থাকলে রিসোর্স ব্যবহার করার সীমাবদ্ধতা রয়ে যায়। দুইটি প্রতিষ্ঠান পরস্পরের পরিপূরক হিসেবে বিভিন্ন সহযোগিতার মধ্য দিয়ে দেশের মানব সম্পদকে সমৃদ্ধ করতে পারি। বর্তমান অর্থনীতিতে মানব সম্পদ অনেক গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে, তা না হলে আমাদের অর্থনৈতিক অবস্থা আরো তলানিতেই থাকতো। একাডেমিক ও পেশাগত জীবনে ম্যানেজমেন্ট অনেক গুরুত্বপূর্ণ, এর প্রয়োজনীয়তা সার্বজনীন।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন বিআইএমের ঊর্ধ্বতন ব্যবস্থাপনা উপদেষ্টা লামিয়া ফারহা এবং স্বাগত বক্তব্য প্রদান করেন বিআইএমের ঊর্ধ্বতন ব্যবস্থাপনা প্রতিনিধি।

### জবিতে গবেষণা প্রকল্প রিভিউ কার্যক্রমের সমাপনী অনুষ্ঠিত

বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগের কনফারেন্স রুমে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের গবেষণা সেলের উদ্যোগে ২০২৫-২৬ অর্থ বছরের শিক্ষকবৃন্দের দাখিলকৃত গবেষণা প্রকল্প প্রস্তাবনা রিভিউ কার্যক্রমের সমাপনী ১৫ সেপ্টেম্বর অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে রিভিউ কমিটির চিফ রিভিউয়ার হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি। আমন্ত্রিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. সাবিনা শরমীন।

### জবিতে গবেষণা গ্রন্থ প্রকাশনা সংক্রান্ত চুক্তি স্বাক্ষর

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) জনসংযোগ, তথ্য ও প্রকাশনা দপ্তরের (পিআরআইপি) উদ্যোগে রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক মোঃ মেজবাহ-উল আজম সওদাগর রচিত 'Climate Diplomacy of Bangladesh: Trends and Issues' শীর্ষক গবেষণা গ্রন্থের পাণ্ডুলিপি প্রকাশনার লক্ষ্যে আনুষ্ঠানিক চুক্তি স্বাক্ষর ২৩ সেপ্টেম্বর ট্রেজারার কার্যালয়ে অনুষ্ঠিত হয়।

## উন্নয়নমূলক সংবাদ

### জবি শিক্ষার্থীদের জন্য দু'টি আবাসন ভবনের নির্মাণ দায়িত্ব সেনাবাহিনীর কাছে হস্তান্তর

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের দীর্ঘদিনের আবাসন সংকট নিরসনে এক গুরুত্বপূর্ণ অগ্রগতি হিসেবে বাণী ভবন ও ড. হাবিবুর রহমান ভবন নির্মাণের দায়িত্ব ৪ সেপ্টেম্বর বাংলাদেশ সেনাবাহিনীর কাছে আনুষ্ঠানিকভাবে হস্তান্তর করা হয়।



বাংলাদেশ সেনাবাহিনীর কাছে হলের কাজ আনুষ্ঠানিকভাবে হস্তান্তর

বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় ক্যাম্পাস স্থাপন: ভূমি অধিগ্রহণ ও উন্নয়ন শীর্ষক প্রকল্পের আওতায় এই হস্তান্তর কার্যক্রম অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি, নির্মাণসাইটের দায়িত্ব বাংলাদেশ সেনাবাহিনীর সদর দপ্তর ২৪ ইঞ্জিনিয়ার কনস্ট্রাকশন ব্রিগেড-এর অধীনস্থ ২৫ ইঞ্জিনিয়ার কনস্ট্রাকশন ব্যাটালিয়নের প্রকল্প পরিচালক লেফটেন্যান্ট কর্নেল ইফতেখার আলম-এর কাছে আনুষ্ঠানিকভাবে হস্তান্তর করেন।

## গবেষণা ও প্রকল্প

### জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে এআই টুলসের কার্যকর ব্যবহার বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি) -এর আয়োজনে 'ইফেকটিভ ইউজ অফ এআই টুলস ইন টিচিং, লার্নিং অ্যান্ড রিসার্চ শীর্ষক দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালা দ্বিতীয় পর্যায় ১৫ জুলাই বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের অফিস কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়।

## জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ‘ডিজাইনিং ওবিই কারিকুলাম’ বিষয়ক দিনব্যাপী কর্মশালা অনুষ্ঠিত

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি) -এর আয়োজনে ‘ডিজাইনিং ওবিই কারিকুলাম’ শীর্ষক দিনব্যাপী কর্মশালা ১১ সেপ্টেম্বর বিশ্ববিদ্যালয়ের সিএসই বিভাগের ভার্চুয়াল ক্লাসরুমে অনুষ্ঠিত হয়।

কর্মশালায় কি-নোট স্পিকার হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোঃ আব্দুর রাজ্জাক। এছাড়া হামদার্দ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ মঞ্জুরুল আলম এবং শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগের অধ্যাপক ড. মোঃ আশরাফুল আলম পদার্থ ও রসায়ন বিভাগের কারিকুলাম সংক্রান্ত গুরুত্বপূর্ণ দিক তুলে ধরেন। আইকিউএসি'র পরিচালক অধ্যাপক ড. মোঃ আবু লায়েক কর্মশালার সভাপতিত্ব করেন।

## ‘ইফেকটিভ ইউজ অব এআই টুল্‌স ইন টিচিং, লার্নিং অ্যান্ড রিসার্চ’ শীর্ষক প্রশিক্ষণের সমাপনী সেশন অনুষ্ঠিত

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি) -এর আয়োজনে ‘ইফেকটিভ ইউজ অব এআই টুল্‌স ইন টিচিং, লার্নিং অ্যান্ড রিসার্চ’ শীর্ষক দিনব্যাপী প্রশিক্ষণের সমাপনী সেশন ১৬ সেপ্টেম্বর বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের অফিস কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়।

## জবিতে ড্রাইভার ও হেলপারদের দক্ষতা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি) -এর আয়োজনে “দক্ষ চালক, নিরাপদ যাত্রা এবং সচেতনতা বৃদ্ধি” শীর্ষক ২৮ সেপ্টেম্বর দিনব্যাপী প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের এআইএস বিভাগের ৩১৬ নম্বর কক্ষে আয়োজিত এ প্রশিক্ষণে বিশ্ববিদ্যালয়ের ড্রাইভার ও হেলপারগণ অংশগ্রহণ করেন।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের রুটিন দায়িত্বে নিয়োজিত ট্রেজারার অধ্যাপক ড. সাবিনা শরমীন। দিনব্যাপী এ প্রশিক্ষণে বিশ্ববিদ্যালয়ের সকল ড্রাইভার ও হেলপার অংশগ্রহণ করে তাঁদের পেশাগত দক্ষতা উন্নয়নে প্রয়োজনীয় জ্ঞান ও দিকনির্দেশনা লাভ করেন।

# বিভাগীয় কার্যক্রম/সেমিনার

## সংবাদমাধ্যমে জেন্ডার সমতা ও ন্যায্যতা’ বিষয়ক সেমিনার

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের আয়োজনে এবং এমআরডিআই- এর সহযোগিতায় ২ জুলাই ‘সংবাদমাধ্যমে জেন্ডার সমতা ও ন্যায্যতা’ শীর্ষক এক সেমিনার অনুষ্ঠিত হয়।




সেমিনারে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন উপাচার্য

সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি। তিনি বক্তব্যের শুরুতে জুলাই ২০২৪-এর বিপ্লবে শহিদদের শ্রদ্ধাভরে স্মরণ করেন এবং আহতদের দ্রুত সুস্থতা কামনা করেন। তিনি বলেন, “এ ধরনের সেমিনার নতুন জ্ঞান সৃষ্টি ও ভিন্ন মতামতের প্রকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। সংবাদমাধ্যমে নারী-পুরুষের সমান অংশগ্রহণ নিশ্চিত করতে হবে, তবে তা যেন পুরুষদের হটিয়ে শুধু নারীদের এগিয়ে নেওয়ার মাধ্যমে না হয়, বরং যোগ্যতা ও ন্যায্যতার ভিত্তিতে সুযোগ প্রদান করতে হবে।”

সেমিনারে জবি'র গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের শিক্ষক-শিক্ষার্থীরা সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন। অনুষ্ঠানের শেষে একটি প্রশ্নোত্তর পর্বের মাধ্যমে সেমিনার সমাপ্ত হয়।

## মার্কেটিং বিভাগের ১৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উদ্‌যাপন

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগের ১৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে ৫ জুলাই এক বর্ণাঢ্য অনুষ্ঠানের আয়োজন করা হয়। দিনব্যাপী অনুষ্ঠানের সূচনা হয় একটি আনন্দঘন র‍্যালির মাধ্যমে। এরপর বিশ্ববিদ্যালয়ের মুক্ত মঞ্চে আয়োজন করা হয় আলোচনা সভা, কেক কাটা, ফান গেমস, বিতর্ক ও নাট্য প্রদর্শনী, পুরস্কার বিতরণ এবং মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান।

## মার্কেটিং বিভাগের উদ্যোগে দিনব্যাপী ‘সেলস কার্নিভাল’

মার্কেটিং বিভাগের ১৫তম ব্যাচের উদ্যোগে শহিদ সাজিদ একাডেমিক ভবনের নিচতলায় ৮ জুলাই দিনব্যাপী ‘সেলস কার্নিভাল-এ ‘রিয়েল লাইফ সেলিং এক্সপেরিয়েন্স’ শীর্ষক একটি উদ্ভাবনী কর্মসূচি অনুষ্ঠিত হয়।

## ‘দর্শন বিভাগে ‘ফিলো কার্নিভাল ১.০’র সমাপনী

দর্শন বিভাগের ফিলোসফি কালচারাল ক্লাবের আয়োজনে চার দিনব্যাপী ‘ফিলো কার্নিভাল ১.০’র সমাপনী ১০ জুলাই অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য।

## ‘পথশিশুদের মানসিক স্বাস্থ্য ও সংহিংসতা প্রতিরোধ’ বিষয়ক সেমিনার

শিশু সুরক্ষা সচেতনতা সপ্তাহ উপলক্ষ্যে ২০ জুলাই জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সমাজকর্ম বিভাগের উদ্যোগে ‘অ্যাড্রেসিং ভায়োলেন্স: মেন্টাল ওয়েলনেস ফর বাংলাদেশি স্ট্রিট চিলড্রেন’ শীর্ষক একটি গুরুত্বপূর্ণ সেমিনার অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান ভবনের ১০১ নম্বর কক্ষে আয়োজিত এ সেমিনারে পথশিশুদের বিরুদ্ধে সহিংসতা বন্ধ এবং তাদের মানসিক স্বাস্থ্য উন্নয়নের উপর গুরুত্বারোপ করা হয়।

সেমিনারে কি-নোট উপস্থাপন করেন যুক্তরাষ্ট্রের ইন্ডিয়ানা ইউনিভার্সিটির সহযোগী অধ্যাপক ড. হাসান রেজা এবং যুক্তরাজ্যের ওপেন ইউনিভার্সিটির শিক্ষক ও মেন্টাল হেলথ ক্লিনিসিয়ান ড. শরীফ হায়দার।




সেমিনার উপস্থিত রয়েছেন উপাচার্য ও অন্যান্য আলোচকবৃন্দ

তাঁরা সহিংসতার শিকার পথশিশুদের মানসিক স্বাস্থ্য পরিস্থিতি ও এর উত্তরণে করণীয় বিষয়ে তাদের গবেষণা ও অভিজ্ঞতা তুলে ধরেন।

## ‘রিসার্চ ডিজাইন, টুলস অ্যান্ড টেকনিকস’ শীর্ষক কর্মশালার সমাপনী ও সনদ বিতরণ অনুষ্ঠান

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগের আয়োজনে ২৩ জুলাই ‘রিসার্চ ডিজাইন, টুলস অ্যান্ড টেকনিকস’ শীর্ষক চার দিনব্যাপী কর্মশালার সমাপনী ও সনদ বিতরণ অনুষ্ঠিত হয়।

## নৃবিজ্ঞান বিভাগে এমফিল গবেষণার সেমিনার

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের নৃবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ও এমফিল গবেষক জনাব তাসলিমা আতিকের “প্রবীণের অভিজ্ঞতায় ‘বৃদ্ধনিবাস’: বাংলাদেশের আর্থ-সামাজিক এবং সাংস্কৃতিক প্রেক্ষাপটে এর অনুশীলন” শিরোনামের এমফিল গবেষণার সেমিনার ১২ আগস্ট বিভাগীয় শ্রেণিকক্ষে অনুষ্ঠিত হয়।

## মার্কেটিং বিভাগে আত্ম-উন্নয়নমূলক সেমিনার অনুষ্ঠিত

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগের উদ্যোগে ১২ আগস্ট বিভাগের শ্রেণিকক্ষে ‘সেট ইউর মাইন্ড প্রপারলি, ফরচুন উইল ফলো ন্যাচারালি’ শীর্ষক আত্ম-উন্নয়নমূলক এক ভিন্নধর্মী সেমিনার অনুষ্ঠিত হয়।

## জবিতে কর্পোরেট চ্যালেঞ্জ বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ফিন্যান্স ক্লাবের উদ্যোগে ১১ আগস্ট কর্পোরেট চ্যালেঞ্জ বিষয়ক ‘Suit Up: Readz for the Corporate Challenge’ শীর্ষক কর্মশালা শহিদ সাজিদ ভবনের ফিন্যান্স বিভাগের কক্ষে অনুষ্ঠিত হয়।

উল্লেখ্য, দুইশোর বেশি আগ্রহী শিক্ষার্থী অংশগ্রহণ করে কর্মশালাটিকে জ্ঞানসমৃদ্ধ ও প্রাণবন্ত করে তোলে।

## জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে রওশন আরা-হাসান আরিফ মেধা বৃত্তি প্রদান অনুষ্ঠিত

২৮ আগস্ট জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের কনফারেন্স রুমে রওশন আরা-হাসান আরিফ মেধা বৃত্তি প্রদান অনুষ্ঠিত হয়। শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট (আইইআর) এবং সংগীত বিভাগের স্নাতক পর্যায়ে সর্বোচ্চ সিজিপিএ অর্জনকারী পাঁচজন শিক্ষার্থীদের এ বৃত্তি প্রদান করা হয়।



অনুষ্ঠানে শিক্ষার্থীদের হাতে বৃত্তি প্রদান করছেন উপাচার্য

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি। তিনি বলেন, এই শিক্ষা বৃত্তি যাদের স্মরণে প্রদান করা হচ্ছে তাদের প্রতি আমরা কৃতজ্ঞ। এরকম উদ্যোগ শিক্ষার্থীদের উৎসাহিত করবে। যারা বৃত্তি পেয়েছে তারা যেন ভবিষ্যতে ভালো ফলাফলের ধারাবাহিকতা বজায় রাখে এবং পেশাগত জীবনে অন্যের পাশে দাঁড়াতে পারে।

## মার্কেটিং বিভাগে স্বাস্থ্য উদ্ভাবন ও উচ্চশিক্ষা বিষয়ে গবেষণামূলক সেমিনার

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগের উদ্যোগে ৩১ আগস্ট বিভাগের শ্রেণিকক্ষে 'হেলথকেয়ার ইনোভেশন ফর দ্য ডেভলপিং কান্ট্রিজ অ্যান্ড হায়ার স্টাডিজ অপরচুনিটি ইন জাপান' শীর্ষক এক গবেষণামূলক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। সেমিনার এর শুরুতে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি-এর সাথে অতিথিবৃন্দ সৌজন্য সাক্ষাৎ করেন।

## মার্কেটিং বিভাগে গবেষণামূলক ও স্বাস্থ্য উদ্ভাবন ও উচ্চশিক্ষা বিষয়ে গবেষণামূলক সেমিনার অনুষ্ঠিত

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগের উদ্যোগে ২৮ আগস্ট বিভাগের শ্রেণিকক্ষে 'How Rigour Is Your Research Method? A Survey Research Perspective' শীর্ষক এক গবেষণামূলক সেমিনার অনুষ্ঠিত হয়।

এছাড়াও ৩১ আগস্ট বিভাগের শ্রেণিকক্ষে 'হেলথকেয়ার ইনোভেশন ফর দ্য ডেভলপিং কান্ট্রিজ অ্যান্ড হায়ার স্টাডিজ অপরচুনিটি ইন জাপান' শীর্ষক এক গবেষণামূলক সেমিনার অনুষ্ঠিত হয়।

## সাংবাদিকতা বিভাগের বার্ষিক বিতর্ক কর্মশালা

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগ ডিবেটিং ক্লাবের উদ্যোগে বার্ষিক বিতর্ক কর্মশালার সমাপনী ২৩ সেপ্টেম্বর বিভাগীয় মিডিয়া ল্যাবে অনুষ্ঠিত হয়। এই বিতর্ক কর্মশালায় শতাধিক শিক্ষার্থী নিয়ে এই কর্মশালা অনুষ্ঠিত হয়।

## 'ওয়ার্ল্ড ফার্মাসিস্ট ডে ২০২৫' উপলক্ষ্যে বর্ণাঢ্য র‍্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত

সারা বিশ্বের সাথে মিল রেখে বাংলাদেশের স্বাস্থ্য খাতে ফার্মাসিস্টদের অবদান এবং জনসচেতনতা তৈরি করতে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে নানা আয়োজনে 'ওয়ার্ল্ড ফার্মাসিস্ট ডে ২০২৫' উদ্‌যাপিত হয়। এ উপলক্ষে ২৫ সেপ্টেম্বর জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ফার্মেসী বিভাগের উদ্যোগে বর্ণাঢ্য র‍্যালি ও আলোচনা সভার আয়োজন করা হয়। আয়োজিত বর্ণাঢ্য র‍্যালিটি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস প্রদক্ষিণ করে।

## ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগে ২০তম ব্যাচের নবীনবরণ

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের ২০তম ব্যাচের নবীনবরণ অনুষ্ঠান ১১ আগস্ট বিভাগের শ্রেণিকক্ষে অনুষ্ঠিত হয়েছে। দুদিনব্যাপী আয়োজিত এ অনুষ্ঠানের প্রথম দিনে বিভাগের পরিচিতি বিষয়ক ভিজ্যুয়াল উপস্থাপনার মাধ্যমে কার্যক্রম শুরু হয়।

## লোক প্রশাসন বিভাগের এক যুগ পূর্তি উৎসব অনুষ্ঠিত

৩০ আগস্ট জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের লোক প্রশাসন বিভাগের এক যুগ পূর্তি উৎসব ও সাবেক-বর্তমান শিক্ষার্থীদের মিলনমেলা বিশ্ববিদ্যালয়ের মুক্তমঞ্চে উৎসবমুখর পরিবেশে অনুষ্ঠিত হয়। দিনব্যাপী এ আয়োজনে আনন্দ র‍্যালি, আলোচনা সভা, স্মরণিকা মোড়ক উন্মোচন, সাংস্কৃতিক অনুষ্ঠান এবং মনোজ্ঞ কনসার্টের আয়োজন করা হয়।

## সমাজকর্ম বিভাগে 'ফিল্ড প্র্যাকটিকাম ওরিয়েন্টেশন প্রোগ্রাম' অনুষ্ঠিত

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সমাজকর্ম বিভাগের ১৬তম ব্যাচের (২০২০-২১ শিক্ষাবর্ষ) শিক্ষার্থীদের ফিল্ড ওয়ার্কের ওরিয়েন্টেশন অনুষ্ঠান ১৫ সেপ্টেম্বর বিভাগের শ্রেণিকক্ষে অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সমাজকর্ম বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোস্তফা হাসান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. সানজিদা ফারহানা। অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন সমাজকর্ম বিভাগের অধ্যাপক ড. মো. আনোয়ার হোসেন।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন অধ্যাপক ড. মহসীন রেজা। এসময় বিভাগের শিক্ষক, শিক্ষার্থীসহ বিভিন্ন প্রতিষ্ঠানের দায়িত্বপ্রাপ্ত বহিঃতত্ত্বাবধায়কগণ উপস্থিত ছিলেন।

## উদ্ভিদবিজ্ঞান বিভাগের অ্যালামনাই এ্যাসোসিয়েশনের প্রথম পুনর্মিলনী

প্রথমবারের মতো জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উদ্ভিদ বিজ্ঞান বিভাগের অ্যালামনাই অ্যাসোসিয়েশনের পুনর্মিলনী ১৮ জুলাই বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান অনুষদের মাঠে অনুষ্ঠিত হয়।




উদ্ভিদবিজ্ঞান বিভাগের অ্যালামনাই অ্যাসোসিয়েশনের প্রথম পুনর্মিলনী উপলক্ষে আয়োজিত র‍্যালির একাংশ

# নিয়োগ/যোগদান

### পরিচালক (শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট)

শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট-এর পরিচালক অধ্যাপক ড. মনিরা জাহান পারিবারিক কারণে পরিচালকের দায়িত্ব পালনে অপারগতা প্রকাশ করায় এবং উক্ত বিভাগে কোন অধ্যাপক বা সহযোগী অধ্যাপক না থাকায় সামাজিক অনুষদভুক্ত অর্থনীতি বিভাগের অধ্যাপক ড. মোঃ আজম খান-কে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত উক্ত ইনস্টিটিউট-এর পরিচালক হিসেবে নিযুক্ত করা হয়েছে।

### চেয়ারম্যান (রাষ্ট্রবিজ্ঞান বিভাগ)

রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোঃ ময়নুল হককে ১২ জুলাই হতে পরবর্তী তিন বছরের জন্য উক্ত বিভাগের চেয়ারম্যান হিসেবে নিযুক্ত করা হয়েছে।

### চেয়ারম্যান (আইন ও ভূমি প্রশাসন বিভাগ)

আইন ও ভূমি প্রশাসন বিভাগের সহযোগী অধ্যাপক খ্রীষ্টিন রিচার্ডসনকে ১৪ আগস্ট হতে পরবর্তী তিন বছরের জন্য উক্ত বিভাগের চেয়ারম্যান হিসেবে নিযুক্ত করা হয়েছে।

### চেয়ারম্যান (অনুজীব বিজ্ঞান)

অনুজীব বিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. শামীমা বেগমকে ১৪ আগস্ট হতে পরবর্তী তিন বছরের জন্য উক্ত বিভাগের চেয়ারম্যান হিসেবে নিযুক্ত করা হয়েছে।

### চেয়ারম্যান (প্রাণরসায়ন ও অনুপ্রাণ বিভাগ)

প্রাণরসায়ন ও অনুপ্রাণ বিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোঃ রফিকুল ইসলামকে ১৪ আগস্ট হতে পরবর্তী তিন বছরের জন্য উক্ত বিভাগের চেয়ারম্যান হিসেবে নিযুক্ত করা হয়েছে।

### চেয়ারম্যান (কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ)

জগন্নাথ বিশ্ববিদ্যালয় আইন ২০০৫ এর ১১(১০) ধারা-এর আলোকে একাডেমিক ও শিক্ষার্থীদের স্বার্থে এই বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. সাবিনা শরমীনকে ১৮ সেপ্টেম্বর হতে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত উক্ত বিভাগের চেয়ারম্যান হিসেবে নিযুক্ত করা হয়েছে।

## ডিগ্রি/সম্মাননা/সদস্যপদ/অংশগ্রহণ

### বায়তুশ শরফ স্বর্ণপদক পাচ্ছেন জবি শিক্ষক ড. মো. ইব্রাহীম খলিল

জাতীয় ও আন্তর্জাতিক অঙ্গনে ইসলামি শিক্ষা, দর্শন ও সংস্কৃতিতে বিশেষ অবদানের স্বীকৃতিস্বরূপ 'বায়তুস শরফ স্বর্ণপদক' পাচ্ছেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ইসলামিক স্টাডিজ বিভাগের শিক্ষক ড. মো. ইব্রাহীম খলিল।

### চলচ্চিত্র নির্মাণে ফিল্ম অ্যান্ড টেলিভিশন বিভাগের তিন মেধাবী শিক্ষার্থী সরকারি অনুদান লাভ

সম্প্রতি জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) ফিল্ম অ্যান্ড টেলিভিশন বিভাগের তিন মেধাবী শিক্ষার্থী চলচ্চিত্র নির্মাণের জন্য বাংলাদেশ সরকারের অনুদান প্রাপ্তির গৌরব অর্জন করেছেন।

### জবি শিক্ষার্থীর Erasmus+ প্রোগ্রামে অংশগ্রহণ

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষার্থী মোঃ শরাফতুল্লাহ জমাদ্দার জার্মানির Technische Hochschule Mittelhessen (THM), University of Applied Science Mittlehessen-এ তিন মাস মেয়াদি Erasmus+ MSc Exchange Program-এ অংশগ্রহণ করেন। ইউরোপে এ প্রোগ্রামে অংশ নেওয়া তিনি সিএসই বিভাগ ও জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের প্রথম শিক্ষার্থী।

উল্লেখ্য, Erasmus+ MSc Exchange Program ইউরোপীয় ইউনিয়নের KA১৭১ উদ্যোগ-এর আওতায় পরিচালিত হয়। এর মাধ্যমে শিক্ষার্থীরা বিদেশে স্নাতকোত্তর পর্যায়ে অধ্যয়ন ও গবেষণার সুযোগ পান এবং মাসিক অনুদানসহ আর্থিক সহায়তা লাভ করেন। THM ও জগন্নাথ বিশ্ববিদ্যালয়সহ অংশীদার বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে স্বাক্ষরিত MoU-এর ভিত্তিতেই এ সহযোগিতা গড়ে উঠেছে, যা ভবিষ্যতে শিক্ষার্থী বিনিময় ছাড়াও যৌথ গবেষণা ও একাডেমিক সহযোগিতার দ্বার উন্মোচন করেছে।

### কর্মকর্তাদের 'Office & Financial Management' শীর্ষক প্রশিক্ষণ প্রদান

জগন্নাথ বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের অর্থায়নে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিল্প মন্ত্রণালয়ের অধীনে পরিচালিত বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট (BIM) হতে পাঁচ দিনব্যাপী (১১–১৫ জুলাই, ২০২৫) Office & Financial Management প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

১১ জুলাই প্রশিক্ষণের উদ্বোধনী দিনে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি প্রধান অতিথি হিসেবে, BIM-এর মহা-পরিচালক (অতিরিক্ত সচিব) ড. খন্দকার আজিজুল ইসলাম সভাপতি এবং BIM -এর পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ) প্রকৌ: মোঃ তরিকুল ইসলাম স্বাগত বক্তা হিসেবে উপস্থিত ছিলেন।



প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত রয়েছেন উপাচার্য

প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে উপাচার্য ও BIM এর মহা-পরিচালক (অতিরিক্ত সচিব) সাথে প্রশিক্ষণার্থী জবির কর্মকর্তাগণ

এছাড়া ১৫ জুলাই অনুষ্ঠিত সমাপনী অনুষ্ঠানে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. মোঃ শেখ গিয়াস উদ্দিন প্রধান অতিথি হিসেবে এবং BIM এর মহা-পরিচালক (অতিরিক্ত সচিব) ড. খন্দকার আজিজুল ইসলাম সভাপতি এবং BIM এর পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ) প্রকৌ: মোঃ তরিকুল ইসলাম উপস্থিত ছিলেন।

পাঁচ দিনব্যাপী প্রশিক্ষণের প্রথম দিনে-সরকারি চাকরির সাধারণ শর্তাবলি, সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা-১৯৭৯, জেনারেল ফিন্যান্সিয়াল রুলস, ট্রেজারি রুলস ও পেনশন বিধিমালা; দ্বিতীয় দিনে নথি ব্যবস্থাপনা, রেকর্ড ব্যবস্থাপনা ও অফিস ব্যবস্থাপনা, সভা পরিচালনা ও যোগাযোগ; তৃতীয় দিনে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮, বিভিন্ন প্রকার পত্র লিখন; চতুর্থ দিনে পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬, e-GP সংক্রান্ত আলোচনা এবং পঞ্চম দিনে- ডি-নথি/ই-নথি সিস্টেম পরিচিতি, ডাক গ্রহণ ও ডাক প্রেরণ বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণ সনদপত্র বিতরণ করা হয়। প্রশিক্ষণে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের দপ্তর ও বিভাগের ১৫ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন।

### জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে 'দাপ্তরিক শৃঙ্খলা' বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত

জগন্নাথ বিশ্ববিদ্যালয় কর্মচারী সমিতির উদ্যোগে ১৪ আগস্ট শহিদ সাজিদ একাডেমিক ভবনে 'দাপ্তরিক শৃঙ্খলা' বিষয়ে দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

### বিশ্বের শীর্ষ ৫০ নারী নেত্রীর তালিকায় সমাজকর্মের শিফা

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) সমাজকর্ম বিভাগের ২০১৪-১৫ শিক্ষাবর্ষের সাবেক এই শিক্ষার্থী স্থান করে নিয়েছেন বিশ্বের শীর্ষ ৫০ নারী নেত্রীর তালিকায়। রাশিয়ার রাষ্ট্রীয় মালিকানাধীন পারমাণবিক শক্তি কর্পোরেশন 'রোসাটম'-এর অধীন প্রতিষ্ঠান অবনিন্সক টেক একাডেমি তাকে 'ভিজিবল পাওয়ার ফিমেল লিডারশিপ' ক্যাটাগরিতে মনোনীত করেন।

### অস্ট্রেলিয়ায় কোডিং ফেস্ট ২০২৫-এ জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সাফল্য

অস্ট্রেলিয়ার সিডনি বিশ্ববিদ্যালয়ে ২৯ জুলাই অনুষ্ঠিত আন্তর্জাতিক প্রযুক্তি প্রতিযোগিতা 'Coding Fest ২০২৫'-এ জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগের মোঃ রাশেদুল আলম, অধ্যাপক ড. জুলফিকার মাহমুদ এবং ড. সজীব সাহা প্রণীত 'Disaster Aid' প্রকল্পটি 'AI for Safety, Risk, and Resilience' ক্যাটাগরিতে বেস্ট প্রজেক্ট চ্যাম্পিয়ন অ্যাওয়ার্ড অর্জন করেছে। এই প্রকল্পটি বাস্তব জীবনে নিরাপত্তা ও দুর্যোগ ব্যবস্থাপনায় কৃত্রিম বুদ্ধিমত্তার প্রয়োগকে সৃষ্টিশীল ভাবে তুলে ধরে।




উপাচার্যের সাথে অস্ট্রেলিয়ায় কোডিং ফেস্ট ২০২৫ পুরস্কারপ্রাপ্ত শিক্ষার্থীগণ

আরেকটি চ্যাম্পিয়ন প্রকল্প 'A Lightweight and Explainable CNN Model for Detecting Microplastics from Holographic Images', যার প্রণেতারা ছিলেন হাবিবুর রহমান রিফাত, আরুন রায়, মো. শামীম বিন শাহিদ, এবং অধ্যাপক ড. মো. মনোয়ারুল ইসলাম। এই প্রকল্পে হালকা ও ব্যাখ্যাযোগ্য সিএনএন আর্কিটেকচার ও হোলোগ্রাফিক ইমেজিং ব্যবহার করে সীমিত সম্পদে দ্রুত ও নির্ভুল মাইক্রোপ্লাস্টিক শনাক্তকরণের একটি নতুন পদ্ধতি প্রস্তাব করা হয়েছে। এই সমাধান পরিবেশগত পর্যবেক্ষণ ও তথ্য-ভিত্তিক নীতিনির্ধারণে গুরুত্বপূর্ণ অবদান রাখতে পারে।

## ক্রীড়া সংবাদ

### জবিতে মার্শাল আর্ট অনুশীলন ক্যাম্প

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে প্রথমবারের মতো মার্শাল আর্ট (জুডো, কারাতে, তায়কোয়ান্দো ও উশু) অনুশীলন ক্যাম্পের আনুষ্ঠানিক উদ্বোধন ৩ সেপ্টেম্বর বিশ্ববিদ্যালয়ের শহিদ সাজিদ অ্যাকাডেমিক ভবনের নিচতলায় মার্শাল আর্ট গ্রাউন্ডে অনুষ্ঠিত হয়েছে।



মার্শাল আর্ট অনুশীলন ক্যাম্প ক্রীড়া কৌশল অবলোকন করছেন উপাচার্য, ট্রেজারার ও অন্যান্য দর্শকবৃন্দ

অনুষ্ঠানের সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের ক্রীড়া কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. মোঃ রইছ উদ্দীন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. সাবিনা শরমীন এবং শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মোঃ মোশাররাফ হোসেন।

বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. সাবিনা শরমীন তাঁর বক্তব্যে বলেন, জুডো-কারাতের মতো মার্শাল আর্ট শুধু শারীরিক ক্রীড়াই নয়, এটি আমাদের তরুণ প্রজন্মের কাছে অত্যন্ত আকর্ষণীয়। এর প্রয়োগ জবিতে আরো আগে হওয়া উচিত ছিল। বাস্তবতা হলো, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে আমরা সীমিত সম্পদ নিয়ে কাজ করছি। নতুন

এবং উদ্ভাবনী কোনো উদ্যোগ গ্রহণ করতে গেলে প্রথমেই আমাদের সম্ভাব্য চ্যালেঞ্জের বিষয়টি মাথায় রাখতে হয় , কারণ সম্পদের এই সীমাবদ্ধতা আমাদেরকে চ্যালেঞ্জের মুখোমুখি দাঁড় করায়। আমি আশাবাদী যে, শিক্ষক, শিক্ষার্থী এবং প্রশাসন– সবাই মিলে একত্রিত হয়ে আমরা এই প্রতিষ্ঠানের যেকোনো সমস্যা ও চ্যালেঞ্জ মোকাবিলা করতে সক্ষম হব।

ক্রীড়া কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. মোঃ রইছ উদ্‌দীন বলেন, আমাদের সামর্থ্য সীমিত হলেও বর্তমান বিশ্ববিদ্যালয় প্রশাসন অনেক আন্তরিক। গত ৫ আগস্টের পর থেকে আমরা প্রথমবারের মতো বিশ্ববিদ্যালয়ের ক্রীড়াপঞ্জি অনুযায়ী সব ইভেন্ট সফলভাবে সম্পন্ন করেছি। ক্রীড়ার ধারাবাহিকতা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে প্রাণচাঞ্চল্য বৃদ্ধি করবে। এই ক্যাম্পের মাধ্যমে দক্ষ মার্শাল আর্ট প্রতিযোগী তৈরি করে দেশের বিভিন্ন প্রতিযোগিতায় অংশগ্রহণের সুযোগ সৃষ্টি হবে, যা জবির সুনাম বৃদ্ধিতে সহায়ক হবে। জুডো ও কারাতে শিক্ষার মাধ্যমে আমরা আত্মরক্ষায় পারদর্শী ও আত্মবিশ্বাসী হতে পারবো।

অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্য প্রদান করেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. মোঃ শেখ গিয়াস উদ্দিন এবং স্বাগত বক্তব্য দেন ক্রীড়া উপ-কমিটির (কাবাডি, জুডো, কারাতে, শুটিং ও তায়কোয়ান্দ) আহ্বায়ক অধ্যাপক ড. মুহাম্মদ নূরুল্লাহ।

প্রথমবারের মতো আয়োজিত এ ক্যাম্পে অংশগ্রহণের জন্য বিশ্ববিদ্যালয়ের প্রায় ছয় শতাধিক শিক্ষক ও শিক্ষার্থী প্রাথমিকভাবে আবেদন করেছেন। দক্ষ ট্রেইনারদের তত্ত্বাবধানে ক্যাম্পটি পরিচালিত হবে, যেখানে জাতীয় পর্যায়ে সাফল্য অর্জনকারী শিক্ষার্থীরা প্রশিক্ষণের দায়িত্ব পালন করবেন।

## সাংগঠনিক কার্যক্রম

### নওয়াব ফয়জুন্নেসা চৌধুরানী হলের ডিবেটিং সোসাইটির নতুন কার্যনির্বাহী কমিটি গঠন

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের নওয়াব ফয়জুন্নেসা চৌধুরানী হলে ডিবেটিং সোসাইটির নতুন কার্যনির্বাহী কমিটি গঠিত হয়। এ উপলক্ষ্যে, ১ জুলাই বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি-এর সাথে তাঁর কার্যালয়ে শুভেচ্ছা বিনিময় করেন।



উপাচার্যের সাথে সৌজন্য সাক্ষাতে নওয়াব ফয়জুন্নেসা চৌধুরানী হলের ডিবেটিং সোসাইটির নতুন কার্যনির্বাহী কমিটির সদস্যবৃন্দ

### নিকোলাস পোগোজ ফাউন্ডেশনের শিক্ষা, প্রযুক্তি ও খেলাধুলায় বিষয়ক প্রেজেন্টেশন সেশন অনুষ্ঠিত

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি-এর উপস্থিতিতে ১ জুলাই বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের অফিস কনফারেন্স রুমে নিকোলাস পোগোজ ফাউন্ডেশনের উদ্যোগে একটি প্রজেক্ট উপস্থাপন করা হয়।

**'মধ্যপ্রাচ্য সঙ্কটের আন্তর্জাতিক রাজনীতি: পরিপ্রেক্ষিত বাংলাদেশ' শীর্ষক সেমিনার**

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ইন্টারডিসিপ্লিনারি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট কনসোর্টিয়াম (আইআরডিসি) -এর আয়োজনে সিএসই বিভাগের ভার্চুয়াল ক্লাসরুমে ২ জুলাই অনুষ্ঠিত হয় 'মধ্যপ্রাচ্য সঙ্কটের আন্তর্জাতিক রাজনীতি: পরিপ্রেক্ষিত বাংলাদেশ' শীর্ষক সেমিনার।

সেমিনারে প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ ইনস্টিটিউট অব ডেভেলপমেন্ট অ্যান্ড সিকিউরিটি স্টাডিজের নির্বাহী পরিচালক ও যুক্তরাষ্ট্রের স্টেট ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক-এর সহকারী অধ্যাপক ড. মোহাম্মদ ইমরান হোসাইন আনসারী।

সেমিনারে প্যানেল আলোচক হিসেবে ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোঃ আনিসুর রহমান বিশ্ব নেতৃত্বের জন্য তিনটি অপরিহার্য উপাদান হিসেবে চিহ্নিত করেন: সামরিক শক্তি, অর্থনৈতিক স্থিতিশীলতা ও জ্ঞানভিত্তিক সমাজ। এছাড়া রাজনৈতিক বিশ্লেষক মোহাম্মদ ইশরাক আলোচনায় অংশগ্রহণ করেন এবং প্রাসঙ্গিক মতামত উপস্থাপন করেন।

সেমিনারে সভাপতিত্ব করেন আইআরডিসি'র সভাপতি ও বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ বিলাল হোসাইন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ও আইআরডিসি'র সাধারণ সম্পাদক অধ্যাপক ড. মুহাম্মদ তাজাম্মুল হক।

**রোভার স্কাউটের বার্ষিক তাঁবুবাস, দীক্ষা ও ব্যাজ প্রদান**

জগন্নাথ বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট গ্রুপের তিনদিনব্যাপী বার্ষিক তাঁবুবাস, দীক্ষা ও ব্যাজ প্রদান ক্যাম্প ৩ জুলাই বিশ্ববিদ্যালয়ের মুক্ত মঞ্চে অনুষ্ঠিত হয়।

**জগন্নাথ বিশ্ববিদ্যালয় স্টুডেন্ট ব্রাঞ্চের বিশেষ কর্মশালা অনুষ্ঠিত**

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শহীদ সাজিদ একাডেমিক ভবনের সিএসই বিভাগের ভার্চুয়াল ক্লাসরুমে ১০ জুলাই 'ম্যানেজিং স্ট্রেস: প্র্যাকটিক্যাল স্ট্র্যাটেজিস ফর ডেইলি লাইফ' শীর্ষক একটি বিশেষ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। আইইইই (ইনস্টিটিউট অব ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ার্স) জগন্নাথ বিশ্ববিদ্যালয় স্টুডেন্ট ব্রাঞ্চ এই কর্মশালার আয়োজন করে।

**'আমার চোখে জুলাই বিপ্লব' শীর্ষক প্রতিযোগিতায় ডিবেটিং সোসাইটির পুরস্কার লাভ**

স্থানীয় সরকার মন্ত্রণালয় আয়োজিত 'আমার চোখে জুলাই বিপ্লব' আইডিয়া প্রতিযোগিতা ২০২৫-এ জগন্নাথ ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটি (জেএনইউডিএস) ঢাকা জেলায় প্রথম স্থান অধিকার করেছে। তাদের প্রস্তাবিত আইডিয়া 'জুলাই অভ্যুত্থান বিতর্ক উৎসব-২০২৫'-এর জন্য তারা ১০ লক্ষ টাকা পুরস্কার লাভ করে, যা আইডিয়া বাস্তবায়নে খরচ হবে।

**'ফোক অ্যান্ড কালচারাল ফেস্ট ২০২৫'-এ চ্যাম্পিয়ন জগন্নাথ বিশ্ববিদ্যালয়**

বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস কালচারাল ফোরাম কর্তৃক আয়োজিত 'ফোক অ্যান্ড কালচারাল ফেস্ট ২০২৫'-এর আন্তঃবিশ্ববিদ্যালয় আর্ট কম্পিটিশন ০৮–১০ জুলাই অনুষ্ঠিত হয়।

এ প্রতিযোগিতায় জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাংস্কৃতিক কেন্দ্রের প্রতিনিধিত্ব করে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে জগন্নাথ বিশ্ববিদ্যালয়। ঢাকা বিশ্ববিদ্যালয় ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় যথাক্রমে ফার্স্ট রানার্স আপ এবং সেকেন্ড রানার্স আপ স্থান অর্জন করে। উল্লেখ্য, প্রতিযোগিতায় দেশের ১৬টি বিশ্ববিদ্যালয় অংশগ্রহণ করে।

### জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে শিক্ষক সংবর্ধনা অনুষ্ঠিত




সংবর্ধনা অনুষ্ঠানে শিক্ষকদের উদ্দেশ্যে বক্তব্য প্রদান করছেন উপাচার্য

জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির আয়োজনে এমফিল, পিএইচডি ও বিদেশি মাস্টার্স ডিগ্রি অর্জনকারী এবং পদোন্নতিপ্রাপ্ত শিক্ষকবৃন্দকে সংবর্ধনা প্রদান অনুষ্ঠান ২০ জুলাই শহিদ সাজিদ একাডেমিক ভবনের ৭১২ নম্বর কক্ষে অনুষ্ঠিত হয়।

এ সংবর্ধনা অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের প্রায় শতাধিক শিক্ষককে বৃক্ষ ও ক্রেস্ট প্রদানের মাধ্যমে সম্মাননা জানানো হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি।

জবি শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মোঃ মোশাররাফ হোসেনের সভাপতিত্বে আয়োজিত অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. সাবিনা শরমীন। স্বাগত বক্তব্য প্রদান করেন শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক ড. মোঃ রইছ উদ্‌দীন।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন শিক্ষক সমিতির কোষাধ্যক্ষ ও সংবর্ধনা আয়োজন কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. ইমরানুল হক। অনুষ্ঠান শেষে পরিবেশবান্ধব বার্তা হিসেবে প্রতিটি সংবর্ধিত শিক্ষককে একটি করে বৃক্ষচারা উপহার দেওয়া হয়।

**জগন্নাথ বিশ্ববিদ্যালয় আইটি সোসাইটির নতুন কমিটির কার্যক্রমের উদ্বোধন ও সদস্য বরণ অনুষ্ঠান**

জগন্নাথ বিশ্ববিদ্যালয় আইটি সোসাইটির নবনির্বাচিত কমিটির কার্যক্রমের উদ্বোধন ও নতুন সদস্যদের বরণ অনুষ্ঠান ২১ জুলাই শহিদ সাজিদ একাডেমিক ভবনের ৭১২ নম্বর কক্ষে অনুষ্ঠিত হয়।

### "ভূমিকম্প ও দুর্যোগ প্রস্তুতি সচেতনতা" শীর্ষক কর্মশালা

ভূমিকম্প ও অন্যান্য প্রাকৃতিক দুর্যোগের বিষয়ে সচেতনতা বৃদ্ধি এবং প্রস্তুতিমূলক পদক্ষেপ গ্রহণে উদ্বুদ্ধ করার লক্ষ্যে সেন্টার ফর ক্লাইমেট, সোসাইটি অ্যান্ড এনভায়রনমেন্টের আয়োজনে এবং ইট'স হিউম্যানিটি ফাউন্ডেশনের সহযোগিতায় ২৩ জুলাই বিজ্ঞান ভবনের ১১৩ নম্বর কক্ষে "ভূমিকম্প ও দুর্যোগ প্রস্তুতি সচেতনতা" শীর্ষক এক কর্মশালা অনুষ্ঠিত হয়।

### জবি ফটোগ্রাফিক সোসাইটির নতুন কমিটি গঠন

২৯ জুলাই জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ফটোগ্রাফিক সোসাইটির প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মো. আশরাফুল আলমের উপস্থিতে নতুন কমিটি গঠন করা হয়। এতে বিশ্ববিদ্যালয়ের ফিল্ম অ্যান্ড টেলিভিশন বিভাগের ২০১৯-২০ শিক্ষাবর্ষের শিক্ষার্থী মো. ছোলায়মান খান সভাপতি এবং ফিন্যান্স বিভাগের ২০২০-২১ শিক্ষাবর্ষের শিক্ষার্থী অমৃতা সাহা প্রিয়া সাধারণ সম্পাদক হিসেবে নির্বাচিত হয়েছেন।

### জগন্নাথ বিশ্ববিদ্যালয় প্রেসক্লাবের নবনির্বাচিত কমিটির দায়িত্ব হস্তান্তর অনুষ্ঠান সম্পন্ন

জগন্নাথ বিশ্ববিদ্যালয় প্রেসক্লাবের ২০২৫–২৬ কার্যনির্বাহী পরিষদের দায়িত্ব হস্তান্তর ও ২০২৪–২৫ কমিটির বিদায় অনুষ্ঠান ১৫ আগস্ট বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়েছে।

নবনির্বাচিত কমিটির সভাপতি মো. মেহেদী হাসান ও সাধারণ সম্পাদক ইউছুব ওসমান-এর নিকট দায়িত্ব হস্তান্তর করেন বিদায়ী সভাপতি সুবর্ণ আসসাইফ ও সাধারণ সম্পাদক আহনাফ তাহমিদ ফাইয়াজ।

### টেডএক্স জগন্নাথ বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটের আনুষ্ঠানিক উদ্বোধন

আই জগন্নাথ বিশ্ববিদ্যালয় স্টুডেন্ট ব্রাঞ্চের তত্ত্বাবধানে আয়োজিত টেডএক্স জগন্নাথ বিশ্ববিদ্যালয় TEDx Jagannath University ইভেন্টের অংশ হিসেবে ১২ আগস্ট বিশ্ববিদ্যালয়ের উপাচার্য কনফারেন্স রুমে একটি অনাড়ম্বর অনুষ্ঠানের মাধ্যমে টেডএক্স জবি ওয়েবসাইটের আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়েছে।

এসময় উপস্থিত ছিলেন আইইইই জবি স্টুডেন্ট ব্রাঞ্চের কাউন্সেলর অধ্যাপক ড. আবু লায়েক, আইসিটি সেলের পরিচালক অধ্যাপক ড. মোহাম্মদ নাসির উদ্দিন এবং আইন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোহাম্মদ শহিদুল ইসলামসহ অন্যান্যরা।

### জগন্নাথ বিশ্ববিদ্যালয় রিপোর্টার্স ইউনিটি'র নবনির্বাচিত কমিটির দায়িত্ব হস্তান্তর সম্পন্ন

জগন্নাথ বিশ্ববিদ্যালয় রিপোর্টার্স ইউনিটি'র ২০২৫–২৬ কার্যনির্বাহী কমিটির দায়িত্ব হস্তান্তর ও ২০২৪–২৫ কমিটির বিদায় অনুষ্ঠান ২১ আগস্ট বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে বিদায়ী সভাপতি অমৃত রায় ও সাধারণ সম্পাদক উম্মে রাহনুমা রাদিয়া নবনির্বাচিত সভাপতি মো. জাহাঙ্গীর আলম ও সাধারণ সম্পাদক মো. জাহিদুল হাসানের নিকট দায়িত্ব হস্তান্তর করেন।

### জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে রেঞ্জার ইউনিটের দীক্ষা দান ও বিদায়ী সংবর্ধনা অনুষ্ঠিত

জগন্নাথ বিশ্ববিদ্যালয় রেঞ্জার ইউনিটের সদস্যদের দীক্ষা ব্যাচ প্রদান ও সিনিয়র সদস্যদের বিদায়ী সংবর্ধনা অনুষ্ঠান ১৮ আগস্ট বিশ্ববিদ্যালয়ের সিএসই বিভাগের ভার্চুয়াল ক্লাসরুমে অনুষ্ঠিত হয়।



বিদায়ী সংবর্ধনা অনুষ্ঠানে সিনিয়র রেঞ্জারদের সম্মাননা ক্রেস্ট প্রদান করছেন উপাচার্য

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি। তিনি বলেন, বর্তমান সময়ে শিক্ষার্থীরা নানা কারণে মানসিক অস্থিরতার মধ্য দিয়ে যাচ্ছে। এ সময়ে রেঞ্জার ইউনিটের সদস্যদের শৃঙ্খলাবদ্ধ জীবন সাধারণ শিক্ষার্থীদের জন্য অনুপ্রেরণার উৎস হতে পারে। আত্মউন্নয়ন ও শারীরিক চর্চার মাধ্যমে জীবনকে গতিশীল করতে হবে, নচেৎ একঘেয়েমি থেকে অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি তৈরি হতে পারে।

সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. সাবিনা শরমীন। তিনি বলেন, রেঞ্জার ইউনিট একটি শৃঙ্খলিত বাহিনী। তোমাদের ইউনিফর্মের মূল্য বুঝতে হবে এবং দায়িত্ব নিতে হবে যেন পাশের কেউ কোনো প্রকার অনৈতিক কাজে জড়িয়ে না পড়ে।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জগন্নাথ বিশ্ববিদ্যালয় রেঞ্জার ইউনিটের রেঞ্জার গাইডার অধ্যাপক ড. আয়েশা সিদ্দিকা ডেইজি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ গার্লস গাইড এসোসিয়েশনের আঞ্চলিক কমিশনার রওশন ইসলাম এবং জেলা কমিশনার ওবায়দা বানু।

অনুষ্ঠানে জগন্নাথ বিশ্ববিদ্যালয় রেঞ্জার ইউনিটের সদস্যবৃন্দসহ অন্যান্য অতিথিবৃন্দ উপস্থিত ছিলেন।

### জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে রোভার স্কাউট অ্যালামনাই অ্যাসোসিয়েশনের বৃক্ষরোপণ কর্মসূচি অনুষ্ঠিত

জগন্নাথ বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট গ্রুপের ২০২৫-২৬ কাউন্সিলের সহযোগিতায় ও রোভার স্কাউট অ্যালামনাই অ্যাসোসিয়েশনের অর্থায়নে ২১ আগস্ট বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বৃক্ষরোপণ ও পরিষ্কার-পরিচ্ছন্নতা কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।

### বিশ্ব ফটোগ্রাফি দিবস উদ্‌যাপন

১৯ আগস্ট বিশ্ব ফটোগ্রাফি দিবস। এ উপলক্ষ্যে জগন্নাথ বিশ্ববিদ্যালয় ফটোগ্রাফিক সোসাইটি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি-এর উপস্থিতিতে কেক কেটে দিনটি উদ্‌যাপন করে।



বিশ্ব ফটোগ্রাফি দিবস উপলক্ষ্যে কেক কাটছেন উপাচার্য ও সোসাইটির উপদেষ্টা

অনুষ্ঠান শেষে নব-নির্বাচিত সভাপতি ছোলায়মান খান ও সাধারণ সম্পাদক অমৃতা সাহা প্রিয়া উপাচার্যের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ ও শুভেচ্ছা বিনিময় করেন।

এসময় সোসাইটির উপদেষ্টা এবং গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের অধ্যাপক ড. মোঃ আশরাফুল আলমসহ সংগঠনের অন্যান্য সদস্যরা উপস্থিত ছিলেন।

### জাতীয় বিতর্ক উৎসবে জগন্নাথ বিশ্ববিদ্যালয় ডিবেটিং সোসাইটি রানার্সআপ

৩০ আগস্ট সরকারি তিতুমীর কলেজ আয়োজিত 'শহিদ তিতুমীর স্মৃতি স্মারক জিটিসিডিসি ১ম জাতীয় বিতর্ক উৎসব ২০২৫'-জগন্নাথ ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটি (জেএনইউডিএস) রানার্স আপ হওয়ার গৌরব অর্জন করেছে।

জেএনইউডিএস-এর হয়ে বিতর্কে অংশগ্রহণ করেন আইন বিভাগের মাঈন আল মুবাশ্বির, গণিত বিভাগের মুনিব মুসান্না এবং রাষ্ট্রবিজ্ঞান বিভাগের আহনাফ তাহমিদ শাফি। উল্লেখযোগ্যভাবে মাঈন আল মুবাশ্বির "ডিবেটর অব দ্য ফাইনাল" নির্বাচিত হন।

### জবি তরুণ কলাম লেখক ফোরামের 'লেখক সম্মেলন ও নবীনবরণ' অনুষ্ঠিত

তরুণ কলাম লেখক ফোরাম, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখার উদ্যোগে ১০ সেপ্টেম্বর বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগের ভার্চুয়াল ক্লাসরুমে 'লেখক সম্মেলন ও নবীনবরণ' অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সেরা লেখক হিসেবে পুরস্কার পেয়েছেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ১৭জন শিক্ষার্থী।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি। এসময় তিনি বলেন, লেখকরা তাদের ভাবনা, চিন্তা ও বাস্তবতাকে এমনভাবে উপস্থাপন করেন, যা সহজেই মানুষের মনে প্রভাব বিস্তার করে। সাধারণত লেখকরা শালীন ও সম্মানিত হয়ে থাকেন এবং তারা কোনো অনভিপ্রেত কর্মকাণ্ডে জড়িত থাকেন না।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থেকে বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. সাবিনা শরমীন বলেন, তরুণ লেখকদের জন্য এই প্ল্যাটফর্ম সৃজনশীলতা প্রকাশের একটি গুরুত্বপূর্ণ মাধ্যম। লেখকদের দায়িত্ব অত্যন্ত গুরুত্বপূর্ণ, কারণ সমাজকে সঠিক

পথে পরিচালনা ও ইতিবাচক পরিবর্তনে লেখনীর ভূমিকা অপরিসীম। শুধু সামাজিক দায়বদ্ধতা থেকেই নয়; লেখালেখির মাধ্যমে নিজেরাও সমৃদ্ধ হওয়া সম্ভব। বর্তমান সময়ে আমরা প্রত্যেকেই সামাজিক যোগাযোগ মাধ্যমে দক্ষ, যেখানে মুহূর্তের মধ্যেই যেকোনো কিছু ভাইরাল করার ক্ষমতা রয়েছে। তবে এই দক্ষতা যেন আমাদের সামাজিক আচরণ ও সাংস্কৃতিক শিষ্টাচারকে ছাপিয়ে না যায়, সে বিষয়ে সচেতন থাকা জরুরি। আমাদের সমাজ, দেশ ও রাষ্ট্র আমাদেরই– অন্যের অনুকরণ করতে গিয়ে নিজস্বতা হারিয়ে ফেলা যাবে না। আধুনিকতাকে আমরা অবশ্যই গ্রহণ করবো, তবে তা কখনোই আমাদের সাংস্কৃতিক ঐতিহ্যকে অস্বীকার করে নয়।

## সাংস্কৃতিক সংবাদ

### রবীন্দ্র ও নজরুলের গানে বর্ষা উদ্‌যাপন

সংগীত বিভাগের আয়োজনে ১০ জুলাই গীতাঞ্জলি মঞ্চে শিক্ষক-শিক্ষার্থীদের অংশগ্রহণে অনুষ্ঠিত হয়েছে 'রবীন্দ্র ও নজরুলের গানে বর্ষা' উদ্‌যাপন অনুষ্ঠান। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি প্রধান অতিথি হিসেবে অনুষ্ঠানের উদ্বোধন করেন।



গানে বর্ষা উদ্‌যাপন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য প্রদান করছেন মাননীয় উপাচার্য

সংগীত বিভাগের চেয়ারম্যান ড. অণিমা রায়ের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে ছিলেন কলা অনুষদের ডিন অধ্যাপক ড. হোসনে আরা বেগম। স্বাগত বক্তব্য প্রদান করেন বিভাগের সহকারী অধ্যাপক ড. আলী এফ. এম রেজোয়ান।

বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষার্থীসহ আমন্ত্রিত অতিথিবৃন্দ অনুষ্ঠানটি উপভোগ করেন। এছাড়াও অনুষ্ঠান চলাকালে উপাচার্য মহোদয় সংগীত বিভাগের একটি নতুন সেমিনার রুমের উদ্বোধন করেন।



অনুষ্ঠানে একুশে পদকপ্রাপ্ত বিশিষ্ট সংগীতশিল্পী ফেরদৌস আরাকে ফুল দিয়ে বরণ করছেন উপাচার্য

### 'শরৎ আলোর কমল বনে' শীর্ষক অনুষ্ঠান

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সংগীত বিভাগের আয়োজনে প্রিয় ঋতু শরৎ উদ্‌যাপন উপলক্ষ্যে ৩ সেপ্টেম্বর এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি। তিনি বলেন, শরৎ ঋতুর একটি বিশেষ স্বাতন্ত্র্য ও শুভ্রতা রয়েছে। এ ধরনের অভিনব ও উদ্ভাবনী প্রোগ্রাম আয়োজন সত্যিই প্রশংসনীয়। তিনি সংগীত বিভাগকে এমন সৃজনশীল আয়োজনের জন্য ধন্যবাদ জানান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. সাবিনা শরমীন এবং কলা অনুষদের ডিন অধ্যাপক ড. হোসনে আরা বেগম। সংগীত বিভাগের চেয়ারম্যান ড. অণিমা রায়ের সভাপতিত্বে অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বিভাগের সহযোগী অধ্যাপক ড. ঝুমুর আহমেদ।

### জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের নাট্যকলার প্রদর্শিত 'তর্পণ বাহকেরা' নাটকের সমাপ্তি

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের নাট্যকলা বিভাগের শিক্ষার্থীদের অংশগ্রহণে প্রাচীন গ্রিক ট্র্যাজেডি নাট্যকার ইস্কিলাসের বিখ্যাত নাটক 'তর্পণ বাহকেরা' তিন দিনব্যাপী (১৯-২১ আগস্ট) প্রদর্শনী বাংলাদেশ শিল্পকলা একাডেমির জাতীয় নাট্যশালায় প্রদর্শিত হয়।

নাটকটির পরিকল্পনা ও নির্দেশনা দিয়েছেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের নাট্যকলা বিভাগের চেয়ারম্যান জনাব ক্যাথরিন পিউরীফিকেশন। ২০২১-২২ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের প্রযোজনায় মঞ্চস্থ হয় এ নাটক।

সমাপনী দিনের প্রদর্শনীতে উপস্থিত ছিলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. রেজাউল করিম (পিএইচডি)। নাটক শেষে তিনি বলেন, "এর আগেও আমি নাট্যকলা বিভাগের প্রযোজনা দেখেছি, সত্যিই তারা অসাধারণ। প্রতিটি নাটক সুন্দর একটা বক্তব্য নিয়ে আসে আমাদের জন্য, আমি সত্যিই আবেগ আপ্লুত, এই বিষয়গুলো আমার হৃদয় ছুঁয়ে যায়। আমার খুবই সৌভাগ্য যে আমি এখানে আসতে পেরেছি। নাট্যকলা বিভাগের জন্য শুভকামনা থাকবে যেনো তারা আমাদেরকে আরও ভালো কিছু কাজ উপহার দিতে পারে।"

নাটকটির নির্দেশক ক্যাথরিন পিউরীফিকেশন বলেন, "সাম্প্রতিক বৈশ্বিক রাজনৈতিক প্রেক্ষাপটে নাটকটি অত্যন্ত প্রাসঙ্গিক বলে মনে করেছি। কারণ "তর্পণ বাহকেরা" একটি রাজ পরিবারের হত্যাকাণ্ডের ঘটনাকে বিধৃত করে যেখানে হত্যাকারীরা 'নিয়তির বিধানে' নিজেদের পাপের শাস্তি ভোগ করে। বর্তমান সময়ে সবগুলো রাষ্ট্র আন্তঃদ্বন্দ্ব ও সংঘর্ষে লিপ্ত হয়েছে, যা আমাদের সমূহ সম্ভাবনাকে সংকুচিত করছে বারংবার। সীমাবদ্ধ করছে আমাদের বোধের পরিমণ্ডল। একটি অস্থির সময় আমাদের মধ্যে তৈরি করে চলেছে বিচ্ছিন্নতা। এ এক ধরনের আত্মজিজ্ঞাসা, এর উত্তর সহজে মেলে না। তাই একদল তরুণকে সাথে নিয়ে অন্বেষণ করেছি এর উত্তর শিল্পের অবয়বে। পৃথিবী আবার ছন্দে ফিরে আসুক এই কামনা করি।"

### জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে দু'দিনব্যাপী উদ্যোক্তা মেলা ২০২৫

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে শহিদ সাজিদ ভবনের নিচতলায় জবিয়ান উদ্যোক্তা ফোরামের আয়োজনে দু' দিনব্যাপী (১৭ ও ১৮ সেপ্টেম্বর) উদ্যোক্তা মেলা অনুষ্ঠিত হয়।

মেলার উদ্বোধনী দিনে বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. সাবিনা শরমীন বিভিন্ন স্টল পরিদর্শন করেন। এসময় তিনি এ ধরনের উদ্যোগকে স্বাগত জানিয়ে বলেন, বিশ্ববিদ্যালয়ে এমন সৃজনশীল আয়োজন শিক্ষার্থীদের জন্য আনন্দঘন পরিবেশ সৃষ্টিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। আমি আশা করি আয়োজকরা বিশ্ববিদ্যালয় দিবসেও এরকম উদ্যোগ গ্রহণ করবেন।

বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষার্থী উদ্যোক্তারা এ মেলায় মোট ১৮টি স্টলের মাধ্যমে অংশগ্রহণ করেন। ১৮ সেপ্টেম্বর সমাপনী অনুষ্ঠান শেষে বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের কনফারেন্স রুমে পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়।

এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. সাবিনা শরমীন। তিনি উদ্যোক্তা ফোরামের এমন উদ্যোগকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে বলেন, যারা ভবিষ্যতে উদ্যোক্তা হওয়ার স্বপ্ন লালন করছে, এ ধরণের কার্যক্রম নিঃসন্দেহে তাদের অনুপ্রাণিত করবে এবং স্বপ্ন বাস্তবায়নের পথে এগিয়ে যেতে সহায়তা করবে। আমাদের দেশে উদ্যোক্তা সৃষ্টি ও আত্মকর্মসংস্থানের প্রয়োজনীয়তা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। কারণ আমাদের যে বিপুল কর্মক্ষম জনগোষ্ঠী রয়েছে এবং অর্থনৈতিক সক্ষমতা বিদ্যমান, তাতে সবার জন্য প্রচলিত কর্মসংস্থান সৃষ্টি করা সম্ভব নয়। এর বিকল্প পথ হচ্ছে আমাদের স্বউদ্যোগী হয়ে আত্মকর্মসংস্থানের সুযোগ তৈরি করা।

## সংক্ষিপ্ত সংবাদ

### বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে শহিদ শিক্ষার্থীর বোনকে চাকরি প্রদান

৩ জুলাই ২০২৫ তারিখ বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে শহিদ শিক্ষার্থীর বোন ফারজানা হককে জুনিয়র প্রোগামার (এডহক) ভিত্তিতে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে চাকরি প্রদান করা হয়।

### জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে শহিদ ইকরামুল হক সাজিদের প্রথম শাহাদাৎবার্ষিকী পালিত

জুলাই গণঅভ্যুত্থানে শহিদ হওয়া জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস্ বিভাগের শিক্ষার্থী ইকরামুল হক সাজিদের প্রথম শাহাদাৎবার্ষিকী উপলক্ষে ১৪ আগস্ট বিশ্ববিদ্যালয়ের মসজিদ কমিটির আয়োজনে কেন্দ্রীয় জামে মসজিদে বাদ যোহর এক দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

প্রধান পৃষ্ঠপোষক: অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি, উপাচার্য, জগন্নাথ বিশ্ববিদ্যালয়।। পৃষ্ঠপোষক: অধ্যাপক ড. সাবিনা শরমীন, ট্রেজারার, জগন্নাথ বিশ্ববিদ্যালয়।।
সম্পাদনায়: সম্পাদনা পর্ষদ, জগন্নাথ বিশ্ববিদ্যালয় বার্তা।। জুলাই-সেপ্টেম্বর, ২০২৫ ।। ফোন: ৯৫৩৪২৫৫, ফ্যাক্স: +৮৮০-০২-৭৪১১৮৪৯, www.jnu.ac.bd
প্রকাশনায়: জনসংযোগ, তথ্য ও প্রকাশনা দপ্তর, জগন্নাথ বিশ্ববিদ্যালয়